



ST. LAWRENCE HIGH SCHOOL

A JESUIT CHRISTIAN MINORITY INSTITUTION
27, Ballygunge Circular Road, Kolkata - 700019



2nd Term: WorkSheet - 13

Class: 3

Subject: Bengali Gram (বোধশক্তির বিচার)

Date: 09/09/2020

তেপান্তরের মাঠ – চারদিক ধুধু করছে, তার মাঝে একটি তালগাছ । সে একলা বাড়ল ।
দূরে দূরে মাঠ--ঘেরা বন, সেখানে লতাপাতা সব গলাগলি করে আছে দেখা যায় -- ঘন নীল
ছায়ার মতো । মাঠের চেয়ে বড় আকাশ -- সেখানে তারা সব ঘেঁষাঘেঁষি ঝিলমিল করছে দেখা
যায় -- কেউ একা নেই । হাওয়া আসে, তার সঙ্গে আসে তার সাথি ফুলের গন্ধ । ঝড় আসে,
তার সঙ্গে তার সাথি আসে আঁধি আর বৃষ্টি । মেঘ আসে, তার সঙ্গে আসে বিদ্যুৎস্রোত অপরূপ
সুন্দরী ! -- সাথি ছাড়া কেউ নেই । শরতের মেঘ -- তাদের সাথি হয়ে চলে বলাকা --
পারিজাতের হারের মতো সার বেঁধে যায় দলে দলে -- সাথি আর সেথো তারা ! তালগাছ
কেবলই তাদের ডাকে -- পাতাগুলো নেড়ে নেড়ে; কিন্তু তাকে একলা রেখে যে-যার দৌড়ে
পালায়, খেলতে ছোটে । তেপান্তরের মাঠে একলা গাছ নিশ্বাস ফেলে – বৃথা আঁকুপাঁকু করে –
তাদের সঙ্গে চলতে যায় – পারে না । একদিন কোথা থেকে দুটি বাবুই পাখি সেই তালগাছের
কাছে আসা-যাওয়া করতে লগল । পাতার উপর বসে তারা দুটিতে মিছিমিছি কত কী বকাবকি
করে । তারপর একদিন মাঠের থেকে কুটোকআটা নিয়ে তাল গাছের প্রাণ যেখানে বাতাসে
ঝিলমিল করে সেইখানে চমৎকার করে তাদের সুন্দর বাসাটি বেঁধে নেয় ।

প্রশ্ন :-

১। তালগাছটি কোথায় ছিল ?

২। দূরে কি কি দেখা যায় ?

৩। ঘন নীল ছায়ার মতো কাদের দেখা যায় ?

৪। হাওয়ার সঙ্গে কে আসে ?

৫। ঝড়ের সঙ্গে কে কে আসে ?

৬। মেঘের সাথি কে ?

৭। শরতের মেঘের সাথি হয়ে চলে কারা ?

৮। বাক্য রচনা :-

ক) ঝিলমিল =

খ) সাথি =

গ) আঁকুপাঁকু =

৯। শূন্যস্থান পূরণ কর :-

ক) মেঘ আসে, তার সঙ্গে আসে _____ ।

খ) শরতের মেঘ তাদের সাথি হয়ে চলে _____ ।

গ) তেপান্তরের মাঠে একটা গাছ _____ ফেলে ।

১০। ঠিক বা ভুল লেখ :-

ক) তালগাছ কেবলই তাদের ডাকে হাতগুলো নেড়ে নেড়ে ।

খ) বাবুই পাখিদুটি চমৎকার করে তাদের বাসাটি বেঁধে নেয় ।

Manashi Chaudhuri